উপজেলা পরিষদ

বাজিতপুর, কিশোরগঞ্জ।

বিষয় ঃ বাজিতপুর উপজেলা পরিষদের ৩৫৫তম মাসিক সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ জনাব রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান,উপজেলা পরিষদ,
বাজিতপুর,কিশোরগঞ্জ ।

স্থান ঃ উপজেলা পরিষদে হলরুম।

তারিখ ঃ ২৩/১১/ ২০২৩ খ্রিস্টাব্দ, সময়ঃ বেলা ১১.৩০ টা।

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'খ' তে দেখানো হয়েছে।

সভার প্রারম্ভে সভার সম্মানিত সভাপতি ও চেয়ারম্যান , উপজেলা পরিষদ বাজিতপুর, উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত জানান এবং সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। অতঃপর সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

উপজেলা পরিষদের বিভিন্ন বিভাগের অক্টোবর/২০২৩ মাসের কার্যক্রম নিম্নোক্ত ক্রমানুযায়ী বিস্তারিতভাবে আলোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় ঃ-

ক্রঃ নং	বিভাগ	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	২	৩	৪	৫
০১	উপজেলা স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার জানান যে, ডেঙ্গু রোগীদের ডেঙ্গু কর্ণারে সেবা প্রদান করা হচ্ছে। প্রতিবন্ধি ভাতা কার্ড প্রতি বৃহস্পতিবার ও গর্ভবতী মহিলাদের গর্ভকালীন কার্ড প্রতি রবিবার প্রদান করা হচ্ছে। এ পর্যন্ত ২৪০ টি সিজারিয়ান সম্পন্ন হয়েছে। ইউনিয়ন পরিষদে ০ থেকে ৪৫ দিনের মোট ১৩০ জন শিশুর জন্য নিবন্ধন তথ্য প্রেরণ করেছে। হাসপাতালে ভর্তিকৃত রোগীদের ভর্তির সময় এনআইডি কার্ডের নম্বর অথবা জন্ম নিবন্ধন নিয়ে আসতে হবে। বাজিতপুর উপজেলায় ৮০৩১ জন শিক্ষার্থী ও স্কুল বহির্ভূত ৯৯৮ জন কিশোরীকে এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রম চলমান রয়েছে,তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান।	প্রতিবন্ধি ভাতা কার্ড গর্ভবতী মহিলাদের গর্ভকালীন কার্ড নিয়মিত প্রদান করতে হবে সরকারি নির্দেশনা মোতাবেক কিশোরীদের এইচপিভি ভ্যাকসিন প্রদান কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার বাজিতপুর কিশোরগঞ্জ।
০২	উপজেলা প্রাণীসম্পদ বিভাগ	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন প্রয়োগ করা হচ্ছে। উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেনারি হাসপাতালের প্রচেষ্টায় সংক্রামক রোগের বিস্তার নিয়ন্ত্রণ করা সম্ভব হচ্ছে। লাম্পিস্কিন ডিজিজ নিয়ন্ত্রনের লক্ষ্যে সনসচেতনতামূলক উঠান বৈঠক করা হচ্ছে। প্রাণিসম্পদ উন্নয়নের লক্ষ্যে দপ্তর কর্তৃক পরিচালিত প্রকল্পসমূহের কার্যক্রম সুষ্ঠভাবে সম্পাদিত হচ্ছে। হাওর অঞ্চলে সমন্বিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় সুফলভোগী খামারীদের মাঝে ৩৫০টি ভেড়া ও ৬৫৬২ কেজি দানাদার ভেড়ার খাবার বিনামূল্যে বিতরণ করা হয়েছে।ভেটেনারী মেডিকেল টিম পরিচালনা করা হচ্ছে।	বিভিন্ন সংক্রামক রোগের প্রতিরোধমূলক ব্যবস্থা হিসেবে সরকার কর্তৃক সরবরাহকৃত ভ্যাকসিন প্রয়োগ সকল ইউনিয়নে সুন্দরভাবে সকল প্রাণীকে দেয়ার জন্য অনুরোধ করা হলো।	উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা বাজিতপুর।
০৩	উপজেলা প্রকৌশলী বিভাগ	উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বাজিতপুর উপজেলা পরিষদের এডিপি এবং উপজেলা উন্নয়ন তহবিলের অর্থায়নে বিভিন্ন প্রকল্পের কাজ সম্পন্ন করার লক্ষ্যে দ্রুত ইজিভিটেন্ডারের মাধ্যমে দরপত্র আহব্বান করার জন্য সভায় আলোচনা করা হয়। এছাড়া দাপ্তরিক কাজ সুষ্ঠভাবে চলছে।	এডিপি এবং উন্নয়ন তহবিলের অর্থায়নে বিভিন্ন প্রকল্পের ইজিভি টেন্ডারের মাধ্যমে দরপত্র আহব্বান করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকৌশলী বাজিতপুর।
০৪	উপজেলা কৃষি বিভাগ	উপজেলা কৃষি কর্মকর্তা জানান যে,মাঠ ফসলের বর্তমান অবস্থা ভাল এবং রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে কৃষকদের নিয়মিতভাবে পরামর্শ প্রদান করছেন। তিনি আরও জানান চলতি রবি-০২/২০২৩-২০২৪ মৌসুমের জন্য বাজিতপুর উপজেলায় ফসলের	মাঠে ফসলের রোগ ও পোকামাকড় থেকে ফসল রক্ষার জন্য উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণ মাঠ পর্যায়ে	উপজেলা কৃষি কর্মকর্তা বাজিতপুর কিশোরগঞ্জ।

		উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদন লক্ষ্যে মাঠে কৃষকদের নিয়মিত পরামর্শ প্রদান কার্যক্রম অব্যাহত রয়েছে তিনি আরো জানান যে, বাজিতপুর উপজেলায় রাসায়নিক সারের মজুদ সন্তোষজনক। ইউরিয়া : ২০৬ মে.টন, টিএসপি: ৩০ মে:টন, এমও পি: ৭০ মে.টন, ডিএপি:১৩০মে.টন। চলতি রবি/২০২৩-২০২৪ মৌসুমে ৩৪৭০জন কৃষককে প্রণোদনা কর্মসূচীর আওতায় বীজ ও সার সহায়তা প্রদান করা হয়েছে। আসন্ন রবি মৌসুমের জন্য ৪৫০ জন গম,৭০০জন ভুট্টা, ১৭৫০জন সরিষা, ৩৫জন সূর্যমূখী ৮০জন চিনাবাদাম, ১০০০জন মসুর, ২৩০জন খেসারী,৫০জন শীতকালীন পেয়াঁজ এবং ৭৫জন মুগ কৃষককে বীজ ও সার সহায়তা প্রদান করা হবে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালিত হচ্ছে বলে তিনি সভায় জানান।	কৃষকদের পরামর্শ প্রদান অব্যাহত রাখতে হবে। এ ছাড়া লক্ষ্যমাত্রা অনুযায়ী ফসল উৎপাদনের সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকতে হবে।	
৫	উপজেলা মৎস্য বিভাগ	উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মৎস্য চাষীদের নিয়মিত মাছ বৃদ্ধির লক্ষ্যে পরামর্শ প্রদান করা হচ্ছে।	নিয়মিত মাছ বৃদ্ধির লক্ষ্যে মৎস্য চাষীদের পরামর্শ প্রদান করার জন্য বলা হলো।	সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, বাজিতপুর।
০৬	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, ২০২৩ - ২০২৪ অর্থ বছরের গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় বাজিতপুর উপজেলা পরিষদের অনকুলে ২য় কিস্তিতে ২০,৬৭,৪০২.০১ টাকা বরাদ্ধ পাওয়া গিয়াছে। সকল ইউনিয়নে উপ বরাদ্ধ প্রদান করা হয়েছে প্রকল্প গ্রহনের কাজ চলমান আছে। কাবিখা কর্মসূচীর আওতায় বাজিতপুর উপজেলা পরিষদের অনুকুলে ২য় কিস্তিতে ২৪.৭৬১৯ মে:টন গম ও ২৪.৭৬১৯ মে:টন চাল বরাদ্দ পাওয়া গিয়াছে। সকল ইউনিয়নে উপ বরাদ্ধ প্রদান করা হয়েছে প্রকল্প গ্রহনের কাজ চলমান আছে। ২০২৩-২০২৪ অর্থবছরের ইজিপিপি ১ম পর্যায়ের কাজ ১৮/১১/২০২৩খ্রি. তারিখে কাজ শুরু হয়েছে। এ বিভাগের কার্যক্রম সুন্দরভাবে চলছে।	টিআর কাবিখা বিভাজন অনুযায়ী প্রকল্প গুলো নির্ধারিত সময়েওে মধ্যে সম্পন্ন করার জন্য বলা হলো।	১।চেয়ারম্যান (সকল) ২। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বাজিতপুর
০৭	উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে,সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের শিক্ষাক্রম বিস্তরণ প্রশিক্ষণ চলমান রয়েছে। সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অনলইন প্রোফাইল কার্যক্রম চলমান রয়েছে। অনলাইনে পি ই এস পি সফটওয়্যারে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের উপবৃত্তির চাহিদা তথ্য এন্ট্রি কার্যক্রম চলমান রয়েছে। এ বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক অবস্থায় আছে।	নিয়মিত শিক্ষা অফিসার এবং সহকারি শিক্ষা অফিসারগণকে বিদ্যালয় পরিদর্শন করতে বলা হলো।	উপজেলা শিক্ষা অফিসার
০৮	উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে,চলতি মাসে এনটিআরসি কর্তৃক নিয়োগপ্রাপ্ত মাদ্রাসায় ১০জন এবং বিদ্যালয়সমূহে ৯ (নয়)জন শিক্ষক যোগদান করেছেন। তাদের এমপিও ভুক্তির জন্য সুপারিশ করা হয়েছে। বিনামূল্যে পাঠ্যপুস্তকঃ ইতোমধ্যে স্কুল পর্যায়ে ৬ষ্ঠ শ্রেণীর ৬৭০০টি এবং মাদ্রাসার পর্যায়ে ৭ম শ্রেণীর ৩৪০০টি বই পাওয়া গিয়াছে। নতুন কারিকুলাম অনুযায়ী বার্ষিক সামষ্টিক মূল্যায়ন চলমান রয়েছে এবং অন্যান্য শ্রেণীর বার্ষিক পরীক্ষা প্রতিষ্ঠান পর্যায়ে চলমান রয়েছে। ইহা আগামী ৩০/১১/২০২৩ তারিখে শেষ হবে। আগামী বছর ৮ম ও ৯ম শ্রেণীতে নতুন কারিকুলামে পাঠদান শুরু হবে, সেই লক্ষে আগামী ০২/১২/২০২৩ থেকে ০৮/১২/২০২৩ পর্যন্ত বাজিতপুর উপজেলায় মাধ্যমিক পর্যায়ের ৪৫০জন শিক্ষককে ট্রেনিং করানো হবে। ইহা ছাড়াও অত্র কার্যালয়ের অন্যান্য সকল বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক ভাবে চলমান রয়েছে।	বিদ্যালয় গুলো নিয়মিত পরিদর্শন করতে হবে। এবং মাসিক সভায় উপস্থিত থেকে বিভাগের কার্যক্রম সর্ম্পকে সভাকে অবহিত করতে হবে।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

০৯	সহঃ প্রকৌশলী (জনস্বাস্থ্য) বিভাগ	উপসহকারী প্রকৌশলী সভায় জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বাজিতপুর উপজেলায় ২০২২-২০২৩ র্অবছরে বরাদ্দকৃত নলকুপ স্থাপনের কাজ চলমান রয়েছে। ২০২৩ - ২০২৪ অর্থবছরে" সমগ্র দেশে নিরাপদ পারি সরবরাহ প্রকল্পের' প্রতি ইউনিয়ন ২৬টি করে ১১টি ইউনিয়নের জন্য মোট ২৮৬টি গভীর নলকুপের বরাদ্ধ পাওয়া গিয়েছে। চাহিদা অনুযায়ী প্রত্যেক ইউনিয়ন থেকে আবেদন পাওয়া গিয়াছে।	প্রতিটি ইউনিয়ন থেকে আবেদন পাওয়া গিয়াছে। দ্রুত নলকুপ গুলো বসানোর ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।	উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বাজিতপুর
১০	উপজেলা সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে,উপজেলা সমাজসেবা কার্যালয় বাজিতপুর, কিশোরগঞ্জ । প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাওয়ার জন্য নতুন আবেদন প্রয়োজন যারা এখনো প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাচ্ছেন না তাদের সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সাপেক্ষে তালিকায় অন্তভূক্তি করা সম্ভব। প্রথম কিস্তির ভাতার টাকা সবার ব্যাংক একাউন্টে প্রেরণ করা হয়েছে। তাছাড়া সংশ্লিষ্ট সকলের সহযোগিতায় উপজেলা সমাজসেবা কার্যালয়ের সকল কার্যক্রম নির্বিঘ্নে চলমান রয়েছে।	প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাওয়ার জন্য নতুন আবেদন প্রয়োজন যারা এখনো প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি পাচ্ছেন না তাদের সংশ্লিষ্ট কমিটির অনুমোদন সাপেক্ষে তালিকায় অন্তভূক্তি করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।	১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা ২। উপজেলা শিক্ষাঅফিসার ৩। মাধ্যমিক শিক্ষাঅফিসার বাজিতপুর, কিশোরগঞ্জ।
১১	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বাজিতপুর সভায় জানান যে, তার দপ্তরের অক্টোবর/২৩খ্রি. মাসের কার্যক্রম উপস্থাপন করেন- স্থায়ী পদ্ধতি ঃ মহিলা- ২২ জন, পুরুষ=০১জন। দীর্ঘমেয়াদী পদ্ধতি: ইমপ্ল্যান্ট-৫০ জন, আইইউডি-০৮জন, অস্থায়ী পদ্ধতি(বিতরন): খাবার বড়ি ১১৩৪৮ জন, কনডম:১৬০২০পিস, ইনজেকশন:৮২০(ভায়াল) ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে এবং মা ও শিশু কল্যাণ কেন্দ্রে ডেলিভারীর সংখ্যা: ৩০টি । সি. এস. বি.এ/ পরিবার কল্যাণ সহকারী দ্বারা বাড়িতে ডেলিভারীর সংখ্যা :১৫টি । সাধারণ রোগী ৫০৫০ জন, ০ - ৫ বছরের শিশু ১৩৪০ জন, কিশোর- কিশোরী ৪৩৪৮ জন । এছাড়া গর্ভবতী, প্রসূতি সেবা, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনার অন্যান্য সেবা প্রদান করা হচ্ছে। সেবা, সাধারণ রোগী, জন্ম নিয়ন্ত্রণ সেবাসহ পরিবার পরিকল্পনা অন্যান্য সেবা প্রদান করা হয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্টুভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১২	উপজেলা খাদ্য বিভাগ	উপজেলা খাধ্য নিয়ন্ত্রক সভায় জানান যে, বাজিতপুর উপজেলায় অক্টোবর/২০২৩ পর্যন্ত মজুদ পরিস্থিতি ২৯৫২.৯৭২ মেঃটন সিদ্ধ চাল এবং ২.৪০৩ মেঃ টন গম মজুদ রয়েছে ।	ওএমএস কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে বাস্তবায়ন করতে হবে।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৩	উপজেলা সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার জানান যে, ১। কেন্দ্রীয় সমবায় সমিতি=০১টি, ২। বিআরডিবি ভূক্ত প্রাথমিক সমবায় সমিতি= ১২৯টি ৩। ভিগীয় প্রাথমিক সমবায় সমিতি=১০৭টি ৪। সিআইজ যুক্ত প্রাথমিক সমবায় সমিতি=১৪৮টি সর্ব মোট=৩৮৫টি । ২০২২-২০২৩ বর্ষের ৬৭টি সমবায় সমিতি নিরীক্ষার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। তন্মধ্যে ৩৬টি সমবায় সমিতির নিরীক্ষা সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২২-২০২৩ অর্থবছরের ৩৬টি প্রাথমিক সমবায় সমিতি পরিদর্শণ লক্ষ্যমাত্রা র্ধিারণ করা হয়েছে।তন্মধ্যে ২০টি সমবায় সমিতির পরিদর্শন সম্পন্ন হয়েছে। বাজিতপুর কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ এর ২০২১-২০২২অর্থ বছরে বার্ষিক নিরীক্ষা সম্পাদনে ক্ষতি হওয়ায় কোন নিরীক্ষা ফি ধার্য করা হয়নি। তাছাড়া	বাজিতপুর উপজেলাধীন সমবায় সমিতির কার্যক্রম নিয়মিত তদারকি করতে হবে ।	উপজেলা সমবায় কর্মকর্তা, বাজিতপুর।

<table>
<tr>
<td></td>
<td></td>
<td>সমবায় বিভাগীয় ৪১টি প্রাথমিক সমবায় সমিতির নিরীক্ষা ফি ৮৪৫৮০/-টাকা, ভ্যাট ১২৬৯৭/- টাকা ও সমবায় উন্নয়ন তহবিল ২৮৭৪৪/- টাকা ধার্য করা হয়েছে। জুলাই/২৩ মাসের মধ্যে অডিট ফি= ৮৪৫৮০/-টাকা ভ্যাট=১২৬৯৭টাকা এবং সমবায় উন্নয়ন তহবিল=২৮৭৪৪টাকা আদায় করে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে। আদায়ের হার ১০০%।
২০২৩-২০২৪ অর্থবছরে লক্ষমাত্রা অনুযায়ী ০৪টি ভ্রাম্যমান প্রশিক্ষণে ১০০জন সমবায়ীর মধ্যে ভ্রাম্যমান প্রশিক্ষণ প্রদানের লক্ষ্য মাত্রা রয়েছে। অক্টোবর/২৩ মাসে ০১টি ভ্রাম্যমান প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। অর্জনের হার ২৫%।
২০২৩ - ২০২৪ অর্থবছরে জেলা সমবায় অফিসার, কিশোরগঞ্জ কর্তৃক ০১ প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধিত হয়েছে। নিবন্ধন ফি বাবদ ৩০০/- এবং ভ্যাট ৪৫/- টাকা সর্বমোট=৩৪৫ ট্রেজারী চালান মূলে সরকারী কোষাগারে জমা প্রদান করা হয়েছে এবং চলতি অর্থবছরে ১১টি প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধন বাতিল এর প্রস্তাব প্রেরণ করা হয়েছে। এছাড়াও সমিতির মনিটরিংসহ দাপ্তরিক কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক যথানিয়মে পরিচালিত হচ্ছে।</td>
<td></td>
<td></td>
</tr>
<tr>
<td>১৪</td>
<td>উপজেলা যুব উন্নয়ন বিভাগ</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম পরিচালিত হচ্ছে। তিনি তার কার্যক্রমে আগস্ট/২৩মাসের অগ্রগতি প্রতিবেদন নিম্নরূপ-
<table>
<tr><th>ক্র নং</th><th>বিবরণ</th><th>টাকা/ জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td></td><td>মূল ঋণ তহবিল</td><td>২৫৩৮৮০০</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ তহবিল</td><td>৭৪৪৪০০২</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ বিতরণ</td><td>৩৮৬৬৮০০০</td><td></td></tr>
<tr><td></td><td>মূল ঋণ আদায়</td><td>৩৩৪৫৭৬২০</td><td></td></tr>
<tr><td></td><td>আদায়ের হার</td><td>৯২%</td><td></td></tr>
<tr><td></td><td>মোট খেলাপী ঋণ</td><td>২০৭১২৪৪</td><td>খেলাপী আদায়-৫৩৭০০/-টাকা</td></tr>
<tr><td></td><td>মোটউপকার ভোগীর সংখ্যা</td><td>১০৩০ জন</td><td></td></tr>
<tr><td></td><td>চলমানউপকার ভোগীর সংখ্যা</td><td>২৯২ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট ঋণ সংখ্যা</td><td>১৫৪২ জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট প্রশিক্ষণার্থীর সংখ্যা</td><td>৬৪৩১জন</td><td></td></tr>
<tr><td></td><td>মোট আত্নকর্মী সংখ্যা</td><td>৪৭৩২জন</td><td></td></tr>
<tr><td></td><td>অনুমোদিত জনবল</td><td>০৭জন</td><td></td></tr>
<tr><td></td><td>বিদ্যমান জনবল</td><td>০৪জন</td><td></td></tr>
</table>
</td>
<td>দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।</td>
<td>উপজেলা যুব উন্নয়ন অফিসার, বাজিতপুর।</td>
</tr>
<tr>
<td>১৫</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, বাজিতপুর উপজেলায় ১১টি ইউনিয়নের ভিজিডি কর্মসূচীর ২০২৩-২০২৪ চক্রের অক্টোবর/২০২৩ খ্রিঃ মাসের ভিজিডি খাদ্য শস্য বিতরণ সম্পন্ন হয়েছে । বাজিতপুর উপজেলার মহিলা বিষয়ক অফিসের মহিলাদের জন্য আইজিএ প্রকল্পের মেয়াদ শেষ বিধায় সকল প্রকার কার্যক্রম বন্ধ আছে।</td>
<td>১। খাদ্য শস্য ও ভাতা বিতরণ কার্যক্রমসহ, যাবতীয় কার্যক্রম সরকারি নির্দেশনা মোতাবেক পরিচালনা করতে হবে।</td>
<td>উপজেলা মহিলা বিষয়ক অফিসার, বাজিতপুর।</td>
</tr>
</table>

		বাজিতপুর উপজেলার দরিদ্র মা ও শিশু সহায়তা কার্যক্রমের ভাতাভোগীদের নিজ নিজ হিসাব নাম্বারে টাকা প্রেরন করা হচ্ছে। বাজিতপুর উপজেলায় নারী নির্যাতন সংক্রান্ত আদালত হতে কোন মামলা পাওয়া যায়নি। বাজিতপুর উপজেলার ১২টি কিশোর কিশোরী ক্লাব রয়েছে। যাহা ছুটির দিন শুক্রবার ও শনিবার ক্লাশ করানো হয়। কিশোর কিশোরী ক্লাবের সদস্য জেন্ডার প্রেমোটার ও শিক্ষদের সহায়তা হালিমপুর ইউনিয়নে পাপিয়া আক্তার, পিতা- দ্বীন ইসলাম, কালিপুর গ্রামের একটি মেয়ের বাল্যবিবাহ বন্ধ করা হয়।	২। বাল্যবিবাহ বিষয়ে জন-প্রতিনিধিদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে।	
১৬	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, (বিআরডিবি) পল্লী উন্নয়নে বিভিন্ন আইজ এ ভিত্তিক দক্ষতামূলক প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বিভিন্ন প্রকল্প/ কর্মসূচীতে ২০২৩-২০২৪ অর্থ বছরে অক্টোবর/ ২০২৩ মাসে ০৯.০০ লক্ষ টাকা বিতরণ কারা হয়েছে। অপরদিকে ঋণ আদায় হয়েছে ৭.০০ লক্ষ টাকা । বর্তমানে অত্র অফিসের মাঠে পাওনার পরিমান চলতি ঋণ ২২৫.৪০ লক্ষ টাকা এবং খেলাপী ৩০.৫০ লক্ষ টাকা । সর্বমোট ২৫৫.৯০ লক্ষ টাকা । বীর মুক্তিযোদ্ধা প্রকল্পে বীর মুক্তিযোদ্ধার মদ্যে ঋণ বিতরন ও আদয় কার্যক্রম অব্যাহত আছে। সরকারী ঋণ আদায়ে দায়েরকৃত সার্টিফিকেট মামলা সংখ্যা ২৩টি। সার্টিফিকেট মামলা নিস্পত্তির জন্য প্রচেষ্টা অব্যাহত আছে। সাটিফিকেট মামলাসহ সরকারী ঋণ আদায়ের সার্বিক কার্যক্রম উপজেলা নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সার্বিক সহযোগিতা কামনা করছি। দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক গতিতে পরিচালিত হচ্ছে।	ঋণ দান ও ঋণ আদায় কার্যক্রম জোড়দার করতে হবে। তাছাড়া সার্টিফিকেট মামলা সমূহ দ্রুত নিস্পত্তি করতে মামলার নির্ধারিত তারিখে খাতকের উপস্থিতি নিশ্চিত করার জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৭	পল্লী সঞ্চয় ব্যাংক	শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক জানান যে, উক্ত ব্যাংকে মোট সমিতির সংখ্যা ৩২৪ টি মোট উপকার ভোগীর সংখ্যা: ১৩১৭২ জন, জমাকৃত সঞ্চয়ের পরিমাণ: ৬.৩৭লক্ষ টাকা, ঋণ বিতরণ : ৪৭০৪.৫৭লক্ষ টাকা, ঋণ আদায় : ২৭২৩.৭৫ লক্ষ টাকা, আদায় হার : ৬৯%, মাঠে পাওনা ঋণ :২০৬০.২৫ লক্ষ টাকা, খেলাপী ঋণ : ১০০৯.৩২ লক্ষ টাকা খেলাপী ঋণের হার :৫৫%। অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালনার প্রচেষ্ঠা বিদ্যমান আছে।	খেলাপী ঋণ আদায়েরে পদক্ষেপ নিতে হবে । দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে পরিচালনা করতে হবে।	শাখা ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক
১৮	উপজেলা আনসার ভিডিপি	উপজেলা আনসার ও ভিডিপি প্রশিক্ষক সভায় জানান যে, বাজিতপুর উপজেলা থেকে ০২ (দুই)জন ভিডিপি সদস্যকে মোটর ড্রাইভিং ও মেকানিক্স প্রশিক্ষণের জন্য ানসার ও ভিডিপি একাডেমী সফিপুর গাজীপুওে প্রেরণ করা হয়েছে। জেলা ভিত্তিক অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণ (৬ষ্ঠ ধাপ) এর জন্য অত্র কার্যালয় থেকে ৩০জন প্রশিক্ষণার্থী বাছাই করা হয়েছে। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম চলমান রয়েছে।	দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে হবে।	উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা বাজিতপুর, কিশোরগঞ্জ
১৯	ইউ ডিএফ	ইউডিএফ সভায় জানান যে, বাজিতপুর উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় অবকাঠামোর উন্নয়নের জন্য ২০২২ - ২০২৩ অর্থবছরের জন্য বিভিন্ন প্রকল্পের দরপত্র খোলা হয়েছে। দরপত্র প্রাপ্ত ঠিকাদারকে কার্য আদেশ প্রদান প্রস্তুত করা হচ্ছে।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্তা গ্রহণ করতে হবে।	উপজেলা প্রকৌশলী, বাজিতপুর, কিশোরগঞ্জ।

পরিশেষে সভাপতি মহোদয় সভায় উল্লেখ করেন যে টি আর ও কাবিখা প্রকল্প গুলো সঠিকভাবে করার জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণকে সঠিক সময়ের মধ্যে শেষ করার জন্য অনুরোধ করেন। ২০২৪ সালের জানুয়ারি মাসে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন । এ সময় কিছু স্বার্থানেশী দল নির্বাচনকে বানচাল করার ষড়যন্ত্র করে দেশে আইন ও শৃংখলা বিঘ্ন ঘটানোর চেষ্টা অব্যাহত রাখতে চাইবে । এমতাবস্থায় আইনশৃংখলাবাহিনী, জনপ্রতিনিধিগণকে এ বিষয়ে সবর্দায় দৃষ্টি রাখার জন্য অনুরোধ করেন। বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে পুলিশ বাহিনীসহ অন্যান্য বাহিনীকে নজরদারি রাখতে অনুরোধ করেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/
মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.২২- ৬৮৮ (৭৫)

তারিখঃ- ০৮.০৮.১৪৩০ বঙ্গাব্দ
২৩.১১.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

২৩.১১.২০২৩
উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

পরিশিষ্ট খ

২১.০৯.২০২৩খ্রি. তারিখের অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় অনুউপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

ক্রমিক নং	পদবি	মন্তব্য
১	ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, বাজিতপুর, কিশোরগঞ্জ।	কার্যপত্র প্রেরণ করেনি।
২	নির্বাহী প্রকৌশলী,(বিক্রয় ও বিতরণ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাজিতপুর	কার্যপত্র প্রেরণ করেনি।
৩	এজিএম(ওএন্ডএম) পল্লী বিদ্যুৎ ,বাজিতপুর	কার্যপত্র প্রেরণ করেনি।
৪	উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ)	কার্যপত্র প্রেরণ করেনি।
৫	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।	কার্যপত্র প্রেরণ করেনি।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬.১১.২৩

মোঃ রকিবুল হাসান শিবলী
চেয়ারম্যান উপজেলা পরিষদ
বাজিতপুর, কিশোরগঞ্জ।

স্মারক নং- ০৫.১২.৪৮০৬.০০০.০৩.০০৭.২২- ৬৮৮ (৭৫)

তারিখঃ- ০৮.০৮.১৪৩০ বঙ্গাব্দ
২৩.১১.২০২৩ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ-

১. মন্ত্রিপরিষদ সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা- ১৬৬, বাজিতপুর-নিকলী, কিশোরগঞ্জ-৫ ।
৩. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, মনিটরিং, ইন্সপেকশন ও ইভ্যালুয়েশন উইং, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-

৬. জেলা প্রশাসক, কিশোরগঞ্জ।
৭. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, কিশোরগঞ্জ।
৮. সিভিল সার্জন, কিশোরগঞ্জ ।
৯. নির্বাহী প্রকৌশলী (বিউবো), কিশোরগঞ্জ।
১০. মেয়র, বাজিতপুর পৌরসভা।
১১. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, বাজিতপুর উপজেলা পরিষদ ।
১২. উপজেলা .... কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ ।
১৩. চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল), বাজিতপুর, কিশোরগঞ্জ।
১৪. জনাব ....

২৩.১১.২০২৩

উপজেলা নির্বাহী অফিসার
বাজিতপুর, কিশোরগঞ্জ

পরিশিষ্ট খ

২১.০৯.২০২৩খ্রি. তারিখের অনুষ্ঠিত উপজেলা মাসিক সভায় অনুউপস্থিত সদস্যবৃন্দের তালিকা ঃ

ক্রমিক নং	পদবি	মন্তব্য
১	ফায়ার সার্ভিস এন্ড সির্ভিল ডিফেন্স, বাজিতপুর, কিশোরগঞ্জ।	কার্যপত্র প্রেরণ করেনি।
২	নির্বাহী প্রকৌশলী,(বিক্রয় ও বিতরণ) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, বাজিতপুর	কার্যপত্র প্রেরণ করেনি।
৩	এজিএম(ওএন্ডএম) পল্লী বিদ্যুৎ ,বাজিতপুর	কার্যপত্র প্রেরণ করেনি।
৪	উপসহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ)	কার্যপত্র প্রেরণ করেনি।
৫	উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, বাজিতপুর, কিশোরগঞ্জ।	কার্যপত্র প্রেরণ করেনি।